

(একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, ঢাকা ও
রিটার্নিং অফিসারের কার্যালয়

নম্বর: ০৫.৪১.২৬০০.০১৭.৩১.০০১.২৩-২

তারিখ: ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি **আনিসুর রহমান**, জেলা প্রশাসক, ঢাকা এবং রিটার্নিং অফিসার, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন (১৭৫ ঢাকা-২) এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/ ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেনঃ-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ -----বৃহস্পতিবার ৩০ নভেম্বর ২০২৩
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ----- শুক্রবার-সোমবার ০১-০৪ ডিসেম্বর ২০২৩
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ----- মঙ্গলবার-শনিবার ০৫-০৯ ডিসেম্বর ২০২৩
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ----- রবিবার-শুক্রবার ১০-১৫ ডিসেম্বর ২০২৩
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ -----রবিবার ১৭ ডিসেম্বর ২০২৩
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ----- সোমবার ১৮ ডিসেম্বর ২০২৩
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ -----রবিবার ০৭ জানুয়ারি ২০২৪

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ০৮:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ১৭৫ ঢাকা-২ নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/ ১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), ঢাকা এবং সহকারী কমিশনার (ভূমি), আমিনবাজার রাজস্ব সার্কেল, ঢাকা এবং থানা নির্বাচন অফিসার, লালবাগ, ঢাকা) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

তারিখ:	১	৫	দিন	১	১	মাস	২	০	২	৩	বৎসর
--------	---	---	-----	---	---	-----	---	---	---	---	------

8 Feb 2024
আনিসুর রহমান
জেলা প্রশাসক, ঢাকা

ও
রিটার্নিং অফিসার ১৭৫ ঢাকা-২
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
- ৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৪) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৫) সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
- ৬) মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা;
- ৭) বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
- ৮) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা;
- ৯) উপমহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ, ঢাকা;
- ১০) মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইন্সটিটিউট, আগারগাঁও, ঢাকা;
- ১১) পুলিশ সুপার, ঢাকা;
- ১২) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- ১৩) অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) ও সহকারী রিটার্নিং অফিসার, ১৭৫ ঢাকা-২ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন;
- ১৪) জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা;
- ১৫) সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ঢাকা;
- ১৬) জেলা তথ্য অফিসার, ঢাকা (তাকে গণ-বিজ্ঞপ্তিটি উল্লিখিত নির্বাচনি এলাকার জনসাধারণের জ্ঞাতার্থে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো);
- ১৭) উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস), তেজগাঁও, ঢাকা (অদ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করতঃ গেজেট বিজ্ঞপ্তির ৫০(পঞ্চাশ) কপি সরকারি কাজে ব্যবহারের জন্য সরবরাহের অনুরোধসহ);
- ১৮) উপজেলা নির্বাহী অফিসার, কেরাণীগঞ্জ উপজেলা, ঢাকা;
- ১৯) সহকারী কমিশনার (ভূমি), আমিনবাজার রাজস্ব সার্কেল, ঢাকা ও সহকারী রিটার্নিং অফিসার, ১৭৫ ঢাকা-২ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন;
- ২০) অফিসার ইনচার্জ, কেরাণীগঞ্জ মডেল/কেরাণীগঞ্জ দক্ষিণ/লালবাগ থানা, ঢাকা;
- ২১) থানা নির্বাচন অফিসার, লালবাগ থানা, ঢাকা ও সহকারী রিটার্নিং অফিসার, ১৭৫ ঢাকা-২ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন;
- ২২)

৪১৫/১০/২০২৩
জেলা প্রশাসক, ঢাকা
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন